সেলিম ওসমানকে ধরতে পোশাক কারখানায় ডিবির অভিযান



সেলিম ওসমান। ছবি: সংগৃহীত

নারায়ণগঞ্জ-৫ আসনের সাবেক সংসদ সদস্য সেলিম ওসমানকে গ্রেপ্তারের লক্ষ্যে তাঁর মালিকানাধীন একটি পোশাক কারখানায় অভিযান চালিয়েছে জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)। বৃহস্পতিবার (১২ নভেম্বর) ফতুল্লায় 'উইজডম অ্যাটায়ার্স লিমিটেড' নামের কারখানাটিতে অভিযান চালানো হলেও সেখানে তাঁকে পাওয়া যায়নি।

শুক্রবার (১৩ নভেম্বর) অভিযানের বিষয়টি নিশ্চিত করেন নারায়ণগঞ্জ জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার (ডিবি) হাসিনুজ্জামান।

কারখানা-সংশ্লিষ্ট ব্যক্তিরা জানান, বৃহস্পতিবার বিকেলে সাদা পোশাকে ৮ থেকে ১০ জন ব্যক্তি কারখানার প্রধান ফটকে গিয়ে নিজেদের গোয়েন্দা পুলিশের সদস্য পরিচয় দেন। তাঁরা নিরাপত্তার দায়িত্বে থাকা আনসার সদস্যদের কাছে সেলিম ওসমানের খোঁজ করেন। তখন কারখানার ছুটি হয়ে যাওয়ায় শ্রমিকেরা প্রায় এক ঘণ্টা আগেই চলে গেছেন এবং ভেতরে কেউ নেই বলে জানানো হয়। কিছুক্ষণ অপেক্ষার পর তাঁরা ফিরে যান।

হাসিনুজ্জামান জানান, সেলিম ওসমান মাঝেমধ্যে ফতুল্লায় তাঁর ব্যবসাপ্রতিষ্ঠানে আসেন বলে পুলিশের কাছে তথ্য ছিল। বৃহস্পতিবার তাঁর সেখানে যাওয়ার খবর পেয়ে অভিযান চালানো হয়। তবে তাঁকে পাওয়া যায়নি। বৈষম্যবিরোধী আন্দোলন ঘিরে তাঁর বিরুদ্ধে একাধিক মামলা রয়েছে। অবস্থান শনাক্ত হলে তাঁকে গ্রেপ্তার করা হবে।

এর আগে ২০২৫ সালের ১৬ ডিসেম্বর রাতেও সেলিম ওসমানকে ধরতে ফতুল্লা থানা-পুলিশ অভিযান চালিয়েছিল। তবে সেবারও তাঁর সন্ধান মেলেনি।